



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

রাজাপুর, পাবনা-৬৬০০।

ফোন : ০৭৩১-৬৪৯৮১

ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

তারিখ: ১০/০১/২০২২

প্রেস বিজ্ঞপ্তি

পাবিপ্রবিতে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস উদযাপন

(১০/০১/২০২২): আজ সোমবার পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে উৎসবমুখর পরিবেশে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস উদযাপন করা হয়েছে। দিবসটি উপলক্ষে সকাল ১০.৫ মিনিটে বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষে উপাচার্য প্রফেসর ড. এম রোস্তুম আলী ও রেজিস্ট্রার (চলতি দায়িত্ব) বিজন কুমার ব্রহ্ম জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবর্ষ স্মারক ম্যুরাল 'জনক জ্যোতির্ময়' চত্বরে ফুল দিয়ে শ্রদ্ধাজ্ঞাপন করেন।



বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে বিশ্ববিদ্যালয় প্রশাসন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবর্ষের স্মারক ম্যুরাল 'জনক জ্যোতির্ময়' এ শ্রদ্ধাজ্ঞাপন করেন।



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

রাজাপুর, পাবনা-৬৬০০।

ফোন : ০৭৩১-৬৪৯৮১

ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

এসময় আরও শ্রদ্ধাজ্ঞাপন করেন প্রক্টর অফিস, ছাত্র উপদেষ্টা দপ্তর, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল প্রশাসন, ব্যবসায় প্রশাসন বিভাগ, ইতিহাস ও বাংলাদেশ স্টাডিজ বিভাগ, রসায়ন পরিবার, পদার্থবিজ্ঞান সমিতি, পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস দপ্তর, বঙ্গবন্ধু পরিষদ, অফিসার্স অ্যাসোসিয়েশন, কর্মচারী পরিষদ, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগসহ বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন।

শ্রদ্ধাজ্ঞাপন শেষে উপাচার্য প্রফেসর ড. এম রোস্তুম আলী বলেন, বঙ্গবন্ধুর জন্মশতবর্ষ, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপনের পরপরই বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন বিশেষভাবে তাৎপর্যময়। বঙ্গবন্ধুর নির্দেশিত পথে বাঙালি নয়মাসের যুদ্ধ শেষে বিজয় অর্জন করে ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর। ৭২'র ১০ জানুয়ারিতে বঙ্গবন্ধু তাঁর স্বপ্নের বাংলায় পা রাখার মধ্য দিয়ে চূড়ান্ত বিজয় অর্জিত হয়েছিল। মহানায়কের স্বদেশ প্রত্যাবর্তনের ৫০ বছর পূর্তি আজ। জাতির পিতার আগমনে বাঙালি স্বাধীনতার পরিপূর্ণতা লাভ করে। দিনটি আমাদের জন্য আবেগ ও ভালোবাসার দিন। যুদ্ধবিধ্বস্ত স্বাধীন দেশকে সঠিকভাবে পরিচালনার জন্য জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নেতৃত্ব দেন। জাতির পিতার অসমাপ্ত কাজগুলো সমাপ্ত করার জন্য তাঁর সুযোগ্য কন্যা বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনা দিনরাত কাজ করে যাচ্ছেন। দেশের অগ্রগতি ও উন্নয়নের জন্য বর্তমান সরকারকে আমাদের সর্বাত্মক সহযোগিতা করতে হবে। বঙ্গবন্ধুর আদর্শ বুকে ধারণ করে জননেত্রী শেখ হাসিনার হাতকে শক্তিশালী করতে শিক্ষার্থীদের আদর্শ নাগরিক হিসেবে গড়ে উঠতে হবে।

এ সময় আরো উপস্থিত ছিলেন বিভিন্ন অনুষ্ঠানের ডিন, বিভাগীয় চেয়ারম্যান, হলের প্রভোস্ট, প্রক্টর, ছাত্র উপদেষ্টা, পরিবহন প্রশাসক, গেস্ট হাউজ প্রশাসক, শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারীবৃন্দ। অনুষ্ঠান সঞ্চালনা করেন ইতিহাস ও বাংলাদেশ স্টাডিজ বিভাগের চেয়ারম্যান প্রফেসর ড. মোঃ হাবিবুল্লাহ। শহীদদের আত্মার মাগফেরাত কামনায় এক মিনিট নিরবতা পালন ও দোয়া করা হয়।

এদিকে বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলে বঙ্গবন্ধুর ম্যুরালে উপাচার্য প্রফেসর ড. এম রোস্তুম আলী ফুল দিয়ে শ্রদ্ধাজ্ঞাপন করেন।

বার্তা প্রেরক

মোঃ ফারুক হোসেন চৌধুরী

উপ পরিচালক

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

মোবাইলঃ ০১৭১১৯৪২২১২।